দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 26 APR ২০০৯ ..
পৃষ্ঠা ... ৩ .. কলাম .... ৭ ......

# এসএসসি পরীক্ষার্থীদের সৃজনশীল পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

৯ম শ্রেণী তথা ২০১১ সালের এস এস সি পরীক্ষার্থীদের উপর সৃজনশীল পরীক্ষা পদ্ধতি প্রয়োগ বাতিলের দাবিতে সারাদেশে বৃহত্তর আন্দোলনে যাওয়ার ঘোষণা দিয়েছে অভিভাবক সমন্বয় কমিটি বাংলাদেশ। গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয় বর্তমানে ৯ম শ্রেণীর শিক্ষার্থীদের উপর পরীক্ষামূলক যে সৃজনশীল পদ্ধতি চাপিয়ে দেয়া হচ্ছে তা মূলত বিতর্কিত কাঠামোগত পদ্ধতিরই একটি রূপ। তারা বলেন, শিক্ষকদের ঠিকমত প্রশিক্ষণ শেষ না করে আগাম প্রজ্ঞাপন জারি করে ২৩ টি বিষয় এই পদ্ধতির আওতায় এনে তা চালু করা সরকারের একটি হঠকারি সিদ্ধান্ত। অভিভাবকরা সৃজনশীল পদ্ধতি ৯ম শ্রেণী থেকে কার্যকর না করে নিম্ন যে কোন শ্রেণী থেকে কার্যকর করা ও নতুন এই পদ্ধতি চালুর আগে শিক্ষকদের দীর্ঘমেয়াদী বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দেয়ার দাবি জানান। আন্দোলনের জন্য যেসব জেলা ও উপজেলায় এখনও কমিটি হয়নি তাদের অবিলম্বে ৩/৪ সদস্যের নাম ৬২-সি, আসাদ এভিনিউ, মোহাম্মদপুর- অভিভাবক সমন্বয় কমিটির কেন্দ্রীয় কার্যালয়ের ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কমিটির যুগ্ম আহবায়ক মাহবুবুল আলম। উপস্থিত ছিলেন কমিটির আহবায়ক ছেফায়েত উল্যাহ পাটোয়ারী, সদস্য সচিব নিপা সুলতানা, যুগ্ম আহবায়ক খন্দকার মোশাররফ হোসেন, আবু তালেব দোলন , প্রচার সম্পাদক খলিলুর রহমান কাদরী প্রমুখ।